গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৮
www.lawjusticediv.gov.bd

নং- ১০.০০.০০০০.১৩২.১১.০০৭.২১.৬৬৮

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩২
১০ ডিসেম্বর ২০২৫

# নিয়োগপত্র

নিম্নলিখিত প্রার্থীকে আইন ও বিচার বিভাগে 'কম্পিউটার অপারেটর'-এর শূন্য পদে প্রচলিত ভাতাদিসহ জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) টাকার বেতনস্কেলে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য অস্থায়ী ভিত্তিতে শিক্ষানবিশ হিসেবে নিয়োগ প্রদান করা হলো: -

| ক্রমিক | নাম | পিতার নাম | রোল |
|---|---|---|---|
| ১ | মোঃ জহিরুল ইসলাম | মোহাম্মদ আলী | ১৩০০১০০৯ |

০২। নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে আগামী ০১ জানুয়ারি ২০২৬ তারিখ অফিস সময়ে আইন ও বিচার বিভাগ-এর বিচার শাখা-৫-এ যোগদান করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

০৩। **শর্তাবলী:**

১. প্রার্থী নির্দিষ্ট তারিখের মধ্যে চাকরিতে যোগদান না করলে তার নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

২. চাকরিতে যোগদানের সময় বয়স, শিক্ষাগত যোগ্যতা, নাগরিকত্ব ও নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত অন্যান্য যোগ্যতার প্রমাণস্বরূপ সকল প্রয়োজনীয় মূল/প্রভিশনাল সার্টিফিকেট এবং অন্যান্য কাগজাদি দাখিল করতে হবে।

৩. চাকরিতে যোগদানের সময় একটি প্রতিশ্রুতিপত্র (আন্ডারটেকিং) দাখিল করতে হবে।

৪. বাংলাদেশের নাগরিক ব্যতীত অন্য কাউকে বিবাহ করেন নাই অথবা বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার প্রতিশ্রুতিবদ্ধ হন নাই মর্মে বক্তব্য প্রতিশ্রুতিপত্রে (আন্ডারটেকিং) উল্লেখ করতে হবে। প্রার্থী যদি বাংলাদেশের নাগরিক ব্যতীত অন্য কাউকে বিবাহ করেন অথবা কারো সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার প্রতিশ্রুতিবদ্ধ হন তবে তিনি নিয়োগের অযোগ্যমর্মে বিবেচিত হবেন।

৫. প্রার্থীকে নিয়োগের তারিখ হতে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে থাকতে হবে এবং উক্ত অবস্থায় যে কোনো মুহূর্তে পূর্বনোটিশ অথবা কারণ দর্শানো ব্যতিরেকেই কর্তৃপক্ষ যে কোনো প্রার্থীকে চাকরিচ্যুত করতে পারবে।

৬. প্রার্থীর শিক্ষানবিশকালীন আচরণ ও কাজ যদি অসন্তোষজনক হয় অথবা তিনি দক্ষতা অর্জন করতে পারবেন না বলে বিবেচিত হন, তবে শিক্ষানবিশকাল শেষ হওয়ার পূর্বেই তাকে চাকরি হতে অপসারণ করা যাবে।

৭. সংশ্লিষ্ট বিধি অনুযায়ী শিক্ষানবিশকালীন কর্ম সন্তোষজনক হলে প্রার্থীকে চাকরিতে স্থায়ী করার বিষয় যথাসময়ে বিবেচনা করা হবে।

৮. শিক্ষানবিশ হিসেবে নিয়োগপ্রাপ্ত প্রার্থী বর্তমানে কোথাও চাকরিরত থাকলে যোগদানের সময় বর্তমান নিয়োগকর্তার নিকট হতে অবমুক্তকরণপত্র (Release Order) দাখিল করতে হবে। এ সংক্রান্ত কোনো তথ্য গোপন করা হলে প্রার্থী শৃঙ্খলা (Discipline) ভঙ্গের দায়ে অভিযুক্ত হবেন।

৯. প্রার্থী নিজ খরচে সিভিল সার্জন/মেডিকেল বোর্ডের নিকট হতে তার পদের জন্য যোগ্য মর্মে শারীরিক ও মানসিক যোগ্যতার সনদ এবং মাদক পরীক্ষার (ডোপ টেস্ট) সনদ সংগ্রহ করে যোগদানের সময় দাখিল করতে হবে।

১০. কাজে যোগদানের পর যথানিয়মে প্রত্যেক প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন অনুষ্ঠিত হবে; যা অবশ্যই সন্তোষজনক হতে হবে।

১১. কর্মে যোগদানের জন্য কোনো প্রকার ভাতা প্রদান করা হবে না।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নিয়োগপত্র ইস্যু করা হলো।

১০/১২/২৫
মোঃ বুলবুল হোসেন
উপসচিব

নং-১০.০০.০০০০.১৩২.১১.০০৭.২১.৬৬৮

তারিখ: ১০ ডিসেম্বর ২০২৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৪। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৫/সল.প্রশাসন-১/২, আইন ও বিচার বিভাগ।
৫। সিনিয়র সহকারী সচিব, নিরাপত্তা শাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
৬। অতিরিক্ত সচিব (উভয়)-এর ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
৭। যুগ্মসচিব (সকল)-এর ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
৮। প্রোগামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
১০। হিসাব শাখা, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ।
১১। জনাব মোঃ জহিরুল ইসলাম, পিতা- মোহাম্মদ আলী, গ্রাম-উত্তর চর মঙ্গল, ডাকঘর-আঞ্জুর হাট-৮৩৪০, থানা/উপজেলা-চর ফ্যাশন, জেলা-ভোলা।

১০/১২/২০২৫
(সাইয়েদ মোঃ শাফায়াত)
সিনিয়র সহকারী সচিব